



## জেন্ট্রি ফার্মাসিউটিক্যালস পরিদর্শনে গবি ভেটেরিনারি শিক্ষার্থীরা



ছবি: মোহাম্মদ শামীম

তত্ত্বীয় জ্ঞানকে বাস্তব অভিজ্ঞতার সঙ্গে যুক্ত করার লক্ষ্য নিয়ে গণ বিশ্ববিদ্যালয়ের (গবি) ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস অনুষদের ১৩তম ব্যাচের শিক্ষার্থীরা গাজীপুরে অবস্থিত জেন্ট্রি ফার্মাসিউটিক্যালস লিমিটেড পরিদর্শন করেছে।

বৃহস্পতিবার (২ এপ্রিল) অনুষদের তত্ত্বাবধানে এবং জেন্ট্রি ফার্মাসিউটিক্যালস লিমিটেডের সহযোগিতায় একাডেমিক-ইন্ডাস্ট্রি কোলাবোরেশন শক্তিশালী করার উদ্দেশ্যে এই শিক্ষাসফরের আয়োজন করা হয়।

লাইভস্টক এক্সটেনশন কোর্সের অংশ হিসেবে আয়োজিত এ কার্যক্রমে ১৩তম ব্যাচের শিক্ষার্থীরা সরাসরি শিল্প পর্যায়ের উৎপাদন ও ব্যবস্থাপনা প্রক্রিয়া সম্পর্কে ধারণা লাভ করেন। সফরটি সার্বিকভাবে তত্ত্বাবধান করেন সহকারী অধ্যাপক ড. মাহমুদা উম্মে রায়হান।

শিক্ষার্থীরা জানান, এ ধরনের পরিদর্শনের মাধ্যমে তারা ওষুধ উৎপাদন প্রক্রিয়া, গুণগত মান নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং আধুনিক প্রযুক্তির ব্যবহার সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা অর্জন করতে পেরেছেন। পাশাপাশি শ্রেণিকক্ষের জ্ঞানের সঙ্গে বাস্তব ক্ষেত্রের সংযোগ তাদের ভবিষ্যৎ পেশাগত দক্ষতা গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

সহকারী অধ্যাপক ড. মাহমুদা উম্মে রায়হান জেন্ট্রি ফার্মাসিউটিক্যালসের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেন, শিক্ষার্থীদের জন্য বাস্তবভিত্তিক শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাত্ত্বিক পাঠের পাশাপাশি মাঠপর্যায়ের অভিজ্ঞতা তাদের দক্ষতা ও আত্মবিশ্বাস বাড়াতে সহায়তা করে। তাই নিয়মিতভাবে এ ধরনের প্র্যাকটিক্যাল শিক্ষার সুযোগ তৈরি করার ওপর তিনি গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, সফর শেষে ভেটেরিনারি অনুষদের পক্ষ থেকে জেন্ট্রি ফার্মাসিউটিক্যালস লিমিটেডকে একটি শুভেচ্ছা স্মারক প্রদান করা হয়। এ সময় প্রতিষ্ঠানটির ডেপুটি ডিরেক্টর (PMD) ডা. মো. হাসান আব্দুল্লাহ এবং সেলস অ্যান্ড বিজনেস ডেভেলপমেন্ট বিভাগের ডা. এম. এ. ইব্রাহিম খলিল উপস্থিত ছিলেন।